## ছাত্রদিগের জন্য বৃত্তি।

৫০৲ ও ৪০৲ টাকা ( ম্যাট্রিক। )

৩০৲ ও ২৫৲ টাকা ( নন-ম্যাট্রিক। )

দি ন্যাসানেল মেডিকেল কলেজ,

৩০১।৩ অপার সারকিউলার রোড

নিয়মাদির জন্য আবেদন করুন।

এই কলেজে শব-ব্যবচ্ছেদ ও সার্জ্জারী আধুনিক প্রথায় শিক্ষা হয়। বেতন ৩৲ তিন টাকা মাত্র।

কলেজ কাউন্সিল— মহারাজা বাহাদুর কাশিম বাজার, মাননীয় বিচারক এ, চৌধুরী ও রাজা প্যারিমোহন মুখোপাধ্যায় সি, এস, আই।



সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

২রা আষাঢ় বুধবার, ১৩২৭ সাল।


## কাণা কন্যায় নানা রোগ।

—০—

১২ই জ্যৈষ্ঠ ইংরাজী ২৬শে মে তারিখের কাগজ ছাপা হইতেই আমাদের ভাঙ্গা যন্ত্রটী আরও ভাঙ্গিয়া যায় বলিয়া ১৯শে ও ২৬শে জ্যৈষ্ঠের জঙ্গিপুর সংবাদ প্রকাশ করিতে পারি নাই। আমাদের দিবা রাত্রি পরিশ্রম করিয়াও কাগজ মুদ্রনের কোনও উপায় ছিলনা। নূতন যন্ত্র ক্রয় না করিলে আর উপায় নাই। প্রায়ই কসুর হইতেছে।

ভাঙ্গা কপাল কেবল ভাঙ্গে
এইত খেলার প্রহসন।
জ্বল্‌লে আগুন দ্বিগুণ জ্বালে
গুণমণি প্রভঞ্জন।

আমাদেরও ভাঙ্গা কপাল প্রায়ই ভাঙ্গিতেছে। এখন ভরসা কেবল গ্রাহকগণের সহানুভূতি।

—০—

## কমিশনর সাহেব।

—:০:—

গত সপ্তাহে আমাদের প্রেসিডেন্সী বিভাগের কমিশনার সাহেব জঙ্গিপুরে শুভাগমন করিয়া ছিলেন। রঘুনাথগঞ্জের বালিকা বিদ্যালয়ের কর্ত্তৃপক্ষগণ তাঁহার দ্বারা পারিতোষিক বিতরণ কার্য্য সমাধা করিয়াছেন। এতদুপলক্ষে রঘুনাথগঞ্জ মেকেঞ্জি হলে এক সভা আহূত হইয়াছিল। সভায় সহরের যাবতীয় গন্য মান্য ব্যক্তিবর্গ উপস্থিত হইয়াছিলেন। বালিকাগণ মৃদু মধুর কণ্ঠে কবিতা আবৃত্তি করার পর প্রেসিডেণ্ট স্কুলের কার্য্য বিবরণী পাঠ করেন। তৎপরে কতিপয় মহোদয় ইংলণ্ডীয় ভাষায় বক্তৃতা করিয়া ছিলেন। কমিশনর সাহেবও ইংরাজীতে বেশ বলিয়া ছিলেন। তিনি আগামী পারিতোষিক বিতরণে নিজে ২০৲ টাকা প্রদান করিতে প্রতিশ্রুত হইয়াছেন। আমাদের জঙ্গিপুরের সাবডেপুটী কলেকটারের কনিষ্ঠ সহোদর সুললিত সঙ্গীতে এই সভার সৌষ্ঠব বৃদ্ধি করিয়াছিল।

কমিশনর সাহেব বাহাদুর তৎপরে ফৌজদারী আদালত, মিউনিসিপ্যাল অফিস, দাতব্য চিকিৎসালয় পরিদর্শন করিয়া এক উদ্যান সম্মীলনীতে মিউনিসিপ্যালিটীর চেয়ারম্যান শ্রীযুত ভজহরি নাথ মহাশয়ের আতিথ্যে পরিতুষ্ট হইয়া স্থানীয় নাট্য সম্প্রদায়ের অভিনয় দর্শন করিয়া সস্থানে প্রস্থান করিয়াছেন। তাঁহার জঙ্গিপুরে অবস্থান কালে সহরের ছোট বড় অনেকেই তাঁহার সহিত সাক্ষাৎ করিতে গিয়াছিলেন।

—০—

## অকাল নির্ব্বাচন।

জঙ্গিপুর মিউনিসিপালিটীর ৫নং ওয়ার্ডের অন্যতম কমিশনার বাবু ইন্দ্রচন্দ্র মুখোপাধ্যায় মহাশয়ের পরলোক গমনের পর এতদিন উক্ত পদ খালি ছিল। সম্প্রতি মিউনিসিপ্যাল চেয়ারম্যান ঘোষণা করিয়াছেন—আগামী ২৮শে জুলাই ৫নং ওয়ার্ডের কমিশনার নির্ব্বাচিত হইবে। পদপ্রার্থীগণ তৎপর হউন। আগামী ৬ই জুলাই দরখাস্ত করিবার শেষ দিন। বিলম্বে হতাশ হইবেন। পূর্ণ তিন বৎসর পদমর্য্যাদা ভোগ করিতে না পারিলেও মাণিকের খানিক ভাল। ৫নং ওয়ার্ডের ভোট দাতৃগণ ক্যানভাসিঙের বিরক্তি উপভোগ করিবার জন্য প্রস্তুত হউন। ভাবী কমিশনারের আপনার দ্বারস্থ হইতে বিলম্ব নাই।

—০—

## অকাল মৃত্যু।

—০—

ভারতের অদ্বিতীয় বাঙ্গালী ঔষধ ব্যবসায়ী ৺বটকৃষ্ণ পালের জ্যেষ্ঠ পুত্র ভূতনাথ পাল (যিনি ভুতি বাবু বলিয়া বিখ্যাত) অকালে কাল গ্রাসে পতিত হইয়াছেন। তিনি যোগ্য পিতার যোগ্য পুত্র ছিলেন। তাঁহাদের ঘরে যত প্রকার ঔষধ আছে তাহার সবগুলির চলিত মূল্য বর্ত্তমান হ্রাস বৃদ্ধির বাজারেও তাঁহার কণ্ঠস্থ ছিল। তাঁহার মত ব্যবসায় বুদ্ধি ও স্মৃতিশক্তি সচারচর দেখা যায় না। পিতার মৃত্যুর পর তিনি কারবারের যথেষ্ট উন্নতি করিয়াছিলেন। কাল পূর্ণ হইলে কে তাহাকে রাখিবে। যে বটকৃষ্ণ পালের ঘরের ঔষধ সেবন করিয়া কতশত লোক নিরাময় হইতেছে যাঁহার ঘরে কত চিকিৎসক বাঁধা আজ তাঁহার পুত্রের কোন ঔষধেই ফল করিল না।

'অন্তর ঝুলি টুট গেয়ী তো কৌন সিয়েগা দরজী।'

আমরা ভগবৎ সমীপে পরলোকগত আত্মার সদ্‌গতি সহ শোক সন্তপ্ত পরিবারবর্গের সান্ত্বনা কামনা করি।

—০—

## বৃদ্ধের বিবাহ বিভ্রাট।

—০—

পত্রান্তরে প্রকাশ—বগুরা জেলার অন্তর্গত কালিয়াকৈর গ্রামে বৃদ্ধ রাধারমণ সাহা নামে জনৈক ধনী গৃহস্থের বাস। পুত্র রামলালের বয়স ৪৫ বৎসর; ৪।৫টী পৌত্রাদি বিদ্যমান। বড় পৌত্রের বয়স ১৫ বৎসর ও পৌত্রীর বয়স ১৭ বৎসর; বৃদ্ধের বয়স ৭২ বৎসর। এই কয়েকটী পুত্র ও পৌত্রাদি বর্ত্তমান সত্ত্বেও সে মুমূর্ষু কালে পৌত্রী সদৃশ একটী ত্রয়োদশ বর্ষীয়া বালিকার পাণিগ্রহণে উদ্যত হইয়াছিল। বালিকার পিতা নাই; সাংসারিক অবস্থা অতিশয় শোচনীয়। অর্থলোভে ভ্রাতা শ্রীছাতুলাল সাহা ৪০০৲ টাকায় বিক্রয় করিতে স্বীকৃত হয়। বিবাহের দিন গত ৯ই বৈশাখ ছিল। বিবাহের দুই তিন পূর্ব্বে বালিকা যখন জানিতে পারে বরের বয়স ৭২ বৎসরের কম নহে, তখন সে এই বিবাহে অসম্মতি জ্ঞাপন করে। কিন্তু মেয়ের ভ্রাতাকে বশীভূত করিয়া মেয়ের আপত্তি সত্ত্বেও বলপূর্ব্বক কার্য্যের প্রস্তাব হয়। পরিশেষে গ্রামের দুইজন সহৃদয় ভদ্রলোক শ্রীবিনোদলাল সাহা ও ডাক্তার শ্রীকেশবচন্দ্র সাহা কন্যাকে কোন প্রকারে স্থানান্তরিত করিয়া স্বার্থান্ধ পিশাচের হস্ত হইতে রক্ষা করিয়াছেন। ইহাতে ক্রুদ্ধ হইয়া বিনোদলাল সাহার উপর মোকদ্দমা রুজু করে। বর শ্রীরাধারমন সাহা ও শ্রীছাতুলাল সাহা উভয়ে ২০০৲ টাকার দাবিতে আর একটী মোকদ্দমা রুজু করে। মোকদ্দমা চলিতেছে।

—০—

## পিয়নের বেতন বৃদ্ধি।

—০—

এই দুর্দ্দিনে সরকার আদালতের পিয়নগণের বেতন বৃদ্ধি করিয়া দিয়া খুব সহৃদতার পরিচয় প্রদান করিয়াছেন। কার্য্যকাল অনুসারে মাসিক ১৩৲ টাকা, ১৪৲ ও ১৫৲ টাকা বেতন ধার্য্য হইয়াছে। কেরাণী বাবুদের যে বেতন দেওয়া হয়, তাঁহাতে তাহাদের ইজ্জৎ রাখা দায় হইয়াছে। পেটের দায়ে টাকাটা সিকেটা না লইয়া পারেন না বলিয়া তাঁহারা কলঙ্কের ডালি বহন করিতেছেন। আশা করি সরকার এই সকল অল্প বেতনের ভদ্র সন্তানগণের প্রতিও কৃপাদৃষ্টি করিবেন। উপরি পাওনাটা খুব সুখের নহে। অনেক সময় অভাবের তাড়নায় চারি আনা আট আনা লইয়া খুব দায়িত্বের কাজ করিয়া অনেককে সশঙ্কিত অবস্থায় কালাতিপাত করিতে হয়। সচ্ছলতার সহিত দিন চলিলে অনেক ভদ্র সন্তানের এই কুকার্য্য না করিবারই সম্ভব।

—০—

## তাজ্জবের কথা।

—০—

মার্কিন মুলুকের সকলই অদ্ভুত, সকলই তাজ্জব। সম্প্রতি সেখান হইতে একটী মেয়ের খবর আসিয়াছে, তাহা পড়িয়া আমরা অত্যন্ত বিস্মিত হইয়াছি। মেয়েটির বয়স যখন চারি বৎসর, তখন সে ভার্জ্জিলের লাটিন ভাষার কাব্যের অনুবাদ করিয়াছিল। নয় বছর যখন তাহার বয়স, তখন তাহাকে লেল্যাণ্ড ষ্টানফোর্ড বিশ্ববিদ্যালয়ে পাঠাইয়া

